[illegible]

[illegible]

**Job Category:** NGO/Development

**Job Source:** [illegible]

## Job Summary

**Posted On:** 23 Dec 2024

**Application Deadline:**10 Jan 2025

# ঘাসফুল-এ নিয়োগ বিজ্ঞপ্তি

মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটির সনদপ্রাপ্ত (এম.আর.এ সনদ নং : ০০৩৯৯-০১২০৯-০০১৬০) ও পিকেএসএফ এর সহযোগী সংস্থা ঘাসফুল এর চট্টগ্রাম, ফেণী, কুমিল্লা, ঢাকা, নওগাঁ ও চাঁপাইনবাবগঞ্জ জেলায় কাজ করার জন্য নিম্নলিখিত পদে আগ্রহী প্রার্থীদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| পদের নাম | শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য শর্তাবলী | বেতন ও অন্যান্য সুযোগ-সুবিধাদি |
|---|---|---|
| সহকারী পরিচালক (রিজিওনাল ম্যানেজার) | স্নাতক/স্নাতকোত্তর।<br>রিজিওনাল ম্যানেজার হিসেবে কমপক্ষে ০৫ বছরের অভিজ্ঞতাসহ ১৫/২০ টি শাখা পরিচালনায় সক্ষম হতে হবে।<br>কম্পিউটারে অভিজ্ঞতা থাকতে হবে।<br>মোটরসাইকেল চালনায় পারদর্শী হতে হবে এবং বৈধ ড্রাইভিং লাইসেন্স থাকা আবশ্যক।<br>বয়স সর্বোচ্চ ৪৫ বৎসর।<br>নিয়োগ প্রাপ্তদের ১০,০০০/- টাকা ফেরতযোগ্য জামানত প্রদান এবং অভিভাবক কর্তৃক ৩০০/-টাকার নন জুডিশিয়াল ষ্ট্যাম্পে অঙ্গীকার নামাসহ প্রযোজ্য অন্যান্য জামানত প্রদান বাধ্যতামূলক। | শিক্ষানবীশকাল ছয় (৬) মাস।<br>বেতন আলোচনা সাপেক্ষ।<br>দৈনিক মধ্যাহ্ন ভোজ ভাতা ৫০/- + যাতায়াত ভাতা + মাসিক মোবাইল বিল।<br>স্থায়ীকরণের পর মূল বেতনের সমপরিমাণ বছরে ০২টি উৎসব বোনাস, মূলবেতনের ২০% বৈশাখী ভাতাসহ সংস্থার মানবসম্পদ নীতিমালা অনুযায়ী প্রভিডেন্ট ফান্ড, গ্রাচ্যুয়িটি, কল্যাণ তহবিল ও অন্যান্য সুবিধাদি। |
| এরিয়া ম্যানেজার (এলাকা ব্যবস্থাপক) | স্নাতক/স্নাতকোত্তর।<br>এরিয়া ম্যানেজার (এলাকা ব্যবস্থাপক) হিসেবে কমপক্ষে ০৩ বছরের অভিজ্ঞতাসহ ৬/৭ টি শাখা পরিচালনায় সক্ষম হতে হবে।<br>কম্পিউটারে অভিজ্ঞতা থাকতে হবে।<br>মোটরসাইকেল চালনায় পারদর্শী হতে হবে এবং বৈধ ড্রাইভিং লাইসেন্স থাকা আবশ্যক।<br>বয়স সর্বোচ্চ ৪২ বৎসর।<br>নিয়োগ প্রাপ্তদের ১০,০০০/- টাকা ফেরতযোগ্য জামানত প্রদান এবং অভিভাবক কর্তৃক ৩০০/-টাকার নন জুডিশিয়াল ষ্ট্যাম্পে অঙ্গীকার নামাসহ প্রযোজ্য অন্যান্য জামানত প্রদান বাধ্যতামূলক। | শিক্ষানবীশকাল ছয় (৬) মাস।<br>বেতন আলোচনা সাপেক্ষ।<br>দৈনিক মধ্যাহ্ন ভোজ ভাতা ৫০/- + যাতায়াত ভাতা + মাসিক মোবাইল বিল।<br>স্থায়ীকরণের পর মূল বেতনের সমপরিমাণ বছরে ০২টি উৎসব বোনাস, মূলবেতনের ২০% বৈশাখী ভাতাসহ সংস্থার মানবসম্পদ নীতিমালা অনুযায়ী প্রভিডেন্ট ফান্ড, গ্রাচ্যুয়িটি, কল্যাণ তহবিল ও অন্যান্য সুবিধাদি। |
| অফিসার (শাখা ব্যবস্থাপক) | স্নাতক/স্নাতকোত্তর।<br>শাখা ব্যবস্থাপক হিসেবে কমপক্ষে ০২ বছরের অভিজ্ঞতা ও কম্পিউটারে অভিজ্ঞতা থাকতে হবে।<br>মোটরসাইকেল চালনায় পারদর্শী হতে হবে এবং বৈধ ড্রাইভিং লাইসেন্স থাকা আবশ্যক।<br>বয়স সর্বোচ্চ ৪০ বৎসর।<br>নিয়োগ প্রাপ্তদের ১০,০০০/- টাকা ফেরতযোগ্য জামানত এবং অভিভাবক কর্তৃক ৩০০/- টাকার নন জুডিশিয়াল ষ্ট্যাম্পে অঙ্গীকার নামাসহ প্রযোজ্য অন্যান্য জামানত প্রদান বাধ্যতামূলক। | শিক্ষানবীশকাল ছয় (৬) মাস।<br>বেতন ২৮,০০০/-+ দৈনিক মধ্যাহ্নভোজ ভাতা ৫০/-+ যাতায়াত ভাতা ২,৫০০/-+ মাসিক মোবাইল বিল ৫০০/-।<br>**তবে কোন সনামধন্য প্রতিষ্ঠানে ০২ বছরের অধিক সুনামের সহিত কাজ করার অভিজ্ঞতাসম্পন্নদের ক্ষেত্রে বেতন আলোচনা সাপেক্ষ।**<br>স্থায়ীকরণের পর মূল বেতনের সমপরিমাণ বছরে ০২টি উৎসব বোনাস, মূলবেতনের ২০% বৈশাখী ভাতাসহ সংস্থার মানবসম্পদ নীতিমালা অনুযায়ী প্রভিডেন্ট ফান্ড, গ্রাচ্যুয়িটি, কল্যাণ তহবিল ও অন্যান্য সুবিধাদি। |
| জুনিয়র অফিসার (শাখা হিসাব রক্ষক) | বানিজ্যে স্নাতক।<br>কম্পিউটারে পারদর্শী হতে হবে এবং হিসাব রক্ষণ কাজে অভিজ্ঞদের অগ্রাধিকার।<br>বয়স সর্বোচ্চ ৪০ বৎসর।<br>নিয়োগ প্রাপ্তদের ৮,০০০/- টাকা ফেরতযোগ্য জামানত এবং অভিভাবক কর্তৃক ৩০০/- টাকার নন জুডিশিয়াল ষ্ট্যাম্পে অঙ্গীকার নামাসহ প্রযোজ্য অন্যান্য জামানত প্রদান বাধ্যতামূলক। | শিক্ষানবীশকাল ছয় (৬) মাস। বেতন সর্বসাকুল্যে ১৭,৬০০/-+ দৈনিক মধ্যাহ্ন ভোজ ভাতা ৫০/- ও মাঠ পর্যায়ে কাজের জন্য প্রকৃত যাতায়াত ভাতা।<br>স্থায়ীকরণের পর বেতন ২২,০০০/-+ দৈনিক মধ্যাহ্ন ভোজ ভাতা ৫০/- মাসিক মোবাইল বিল ২০০/-ও মাঠ পর্যায়ে কাজের জন্য প্রকৃত যাতায়াত ভাতা। এছাড়াও মূল বেতনের সমপরিমাণ বছরে ০২টি উৎসব বোনাস, মূলবেতনের ২০% বৈশাখী ভাতাসহ সংস্থার মানবসম্পদ নীতিমালা অনুযায়ী প্রভিডেন্ট ফান্ড, গ্রাচ্যুয়িটি, কল্যাণ তহবিল ও অন্যান্য সুবিধাদি। |
| জুনিয়র অফিসার (ক্রেডিট অফিসার) | স্নাতক পাশ।<br>বয়স সর্বোচ্চ ৪০ বৎসর।<br>নিয়োগ প্রাপ্তদের ৫,০০০/- টাকা ফেরতযোগ্য জামানত এবং অভিভাবক কর্তৃক ৩০০/- টাকার নন জুডিশিয়াল ষ্ট্যাম্পে অঙ্গীকার নামাসহ প্রযোজ্য অন্যান্য জামানত প্রদান বাধ্যতামূলক। মোটরসাইকেল/বাইসাইকেল চালাতে সক্ষম প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে। | প্রশিক্ষণ ০১ মাস। প্রশিক্ষণকালীন সময়ে বেতন সর্বসাকুল্যে ১০,০০০/-, দৈনিক মধ্যাহ্ন ভোজ ভাতা ৫০/-<br>প্রশিক্ষণ শেষে শিক্ষানবীশকাল পাঁচ (৫) মাস। বেতন সর্বসাকুল্যে ১৭,৬০০/-+ দৈনিক মধ্যাহ্ন ভোজ ভাতা ৫০/-+ মাসিক মোবাইল বিল ২০০/-ও মাঠ পর্যায়ে কাজের জন্য যাতায়াত ভাতা ১৫০০/-।<br>স্থায়ীকরণের পর বেতন ২২,০০০/- + দৈনিক মধ্যাহ্ন ভোজ ভাতা ৫০/-+ মাসিক মোবাইল বিল ২০০/- ও মাঠ পর্যায়ে কাজের জন্য যাতায়াত ভাতা ১৫০০/-। এছাড়াও মূল বেতনের সমপরিমাণ বছরে ০২টি উৎসব বোনাস, মূলবেতনের ২০% বৈশাখী ভাতাসহ সংস্থার মানবসম্পদ নীতিমালা অনুযায়ী প্রভিডেন্ট ফান্ড, গ্রাচ্যুয়িটি, কল্যাণ তহবিল ও অন্যান্য সুবিধাদি। |
| সহকারী অফিসার (ক্রেডিট অফিসার) | এইচ এস সি পাশ।<br>বয়স সর্বোচ্চ ৪০ বৎসর।<br>নিয়োগ প্রাপ্তদের ৫,০০০/- টাকা ফেরতযোগ্য জামানত এবং অভিভাবক কর্তৃক ৩০০/- টাকার নন জুডিশিয়াল ষ্ট্যাম্পে অঙ্গীকার নামাসহ প্রযোজ্য অন্যান্য জামানত প্রদান বাধ্যতামূলক। মোটরসাইকেল/বাইসাইকেল চালাতে সক্ষম প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে। | প্রশিক্ষণ ০১ মাস। প্রশিক্ষণকালীন সময়ে বেতন সর্বসাকুল্যে ১০,০০০/-, দৈনিক মধ্যাহ্ন ভোজ ভাতা ৫০/-<br>প্রশিক্ষণ শেষে শিক্ষানবীশকাল পাঁচ (৫) মাস। বেতন সর্বসাকুল্যে ১৪,৪০০/-+ দৈনিক মধ্যাহ্ন ভোজ ভাতা ৫০/-+ মাসিক মোবাইল বিল ২০০/- ও মাঠ পর্যায়ে কাজের জন্য যাতায়াত ভাতা ১৫০০/-।<br>স্থায়ীকরণের পর বেতন ১৮,০০০/- + দৈনিক মধ্যাহ্ন ভোজ ভাতা ৫০/- + মাসিক মোবাইল বিল ২০০/- ও মাঠ পর্যায়ে কাজের জন্য যাতায়াত ভাতা ১৫০০/-। এছাড়াও মূল বেতনের সমপরিমাণ বছরে ০২টি উৎসব বোনাস, মূলবেতনের ২০% বৈশাখী ভাতাসহ সংস্থার মানবসম্পদ নীতিমালা অনুযায়ী প্রভিডেন্ট ফান্ড, গ্রাচ্যুয়িটি, কল্যাণ তহবিল ও অন্যান্য সুবিধাদি। |

আগ্রহী প্রার্থীদের পূর্ণাঙ্গ জীবন বৃত্তান্ত, সদ্য তোলা দুইকপি ছবি, সকল শিক্ষাগত যোগ্যতার সনদ ও অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের ক্ষেত্রে অভিজ্ঞতার সনদপত্র, জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপিসহ খামের উপর পদের নাম ও মোবাইল নম্বর উল্লেখ পূর্বক আবেদন পত্র আগামী ১০.০১.২০২৫ তারিখের মধ্যে বরাবর মানবসম্পদ বিভাগ, ঘাসফুল, বাড়ি নং# ৬২, রোড # ০৩, ব্লক-বি, চান্দগাঁও আবাসিক এলাকা, চট্টগ্রাম এই ঠিকানায় ডাকযোগে/কুরিয়ার/সরাসরি পৌঁছাতে হবে। ই-মেইলেও আবেদন পাঠানো যাবে। ই-মেইল: ghashfulrecruitment@gmail.com। প্রাথমিক বাছাইয়ে লিখিত পরীক্ষার জন্য যোগ্য বিবেচিত হলে প্রার্থীদেরকে পরীক্ষার স্থান, তারিখ ও সময় আবেদনপত্রে উল্লেখিত মোবাইল নম্বরে জানানো হবে। অসম্পূর্ণ আবেদনপত্র ও একজনের জন্য একাধিক পদে আবেদনপত্র গ্রহণযোগ্য নয়। নিয়োগ পরীক্ষা চট্টগ্রাম, ঢাকা ও নঁওগা জেলার তিনটি কেন্দ্রে আলাদা আলাদাভাবে অনুষ্ঠিত হবে। অনলাইনে আবেদনের ক্ষেত্রে- https://www.ghashful-bd.org/career.

উল্লেখ্য যে, ঘাসফুলে নিয়োগ সংক্রান্ত বিষয়ে কোন ধরনের তদবির কিংবা আর্থিক লেনদেন প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে এবং কোন ধরনের আর্থিক লেনদেনের ব্যাপারে ঘাসফুল কর্তৃপক্ষ দায়ী থাকবে না।